

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

নং-৪৬.০৪২.০০০০.০০.২০.০০২.২০১৫(৩)-৬৬৩৮


তারিখঃ ০৭.১০.২০১৫ খ্রিঃ।

বিষয় : আলফাডাঙ্গা উপজেলার সর্বপ্রাচীন কামারগ্রাম কাঞ্চন একাডেমীর খেলার মাঠ, পুকুর ও কবরস্থান সংস্কারের জন্য অর্থ বরাদ্দ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জনাব মোঃ আব্দুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-১ কর্তৃক দাখিলকৃত আধাসরকারিপত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার সর্বপ্রাচীন কামারগ্রাম কাঞ্চন একাডেমীর নিম্নে বর্ণিত ৪টি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে আগামী ১২.১০.২০১৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রঃ নং	প্রকল্পের নাম
১	কামারগ্রাম কাঞ্চন একাডেমীর খেলার মাঠ
২	কামারগ্রাম কাঞ্চন একাডেমীর মসজিদ সংলগ্ন পুকুর সংস্কার
৩	কামারগ্রাম কাঞ্চন একাডেমীর মসজিদ সংলগ্ন কবর স্থানের সীমানা প্রাচীর সংস্কার
৪	কামারগ্রাম ঈদগাহ সংস্কার ও সীমানা প্রাচীর নির্মাণ

সংযুক্তিঃ বর্ণনামতে।


০৭/১০/১৫
(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফরিদপুর।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। জনাব মোঃ আব্দুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, ফরিদপুর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



সচিব
২৭/১/১৬

মোঃ আব্দুর রহমান


সংসদ সদস্য

২১১ ফরিদপুর-১

সদস্য, জন প্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
সদস্য, পরিবেশ ও বন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
সদস্য, মাধ্যমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ	
সচিবালয়, ঢাকা	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) উন্নয়ন
৩) সুপার-সচিব	৩) লক্ষ্য উন্নয়ন
	৪) গণস
	৫) আইন
নম্বরঃ.....	স্বাক্ষর
তারিখঃ ২৭/১/১৬	



বিষয়: আলফাডাঙ্গা উপজেলার সর্বপ্রাচীন কামারগ্রাম কাঞ্চন একাডেমীর খেলার মাঠ, পুকুর ও কবরস্থান সংস্কারে অর্থ বরাদ্দ প্রসঙ্গে

জনাব,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আমার নির্বাচনী এলাকা ফরিদপুর-১ আসনের আলফাডাঙ্গা উপজেলা আওয়ামী লীগ অন্তর্গত এলাকা বর্গে পরিচিত। সকল জাতীয় নির্বাচনেই এখানকার ৯০ শতাংশের ওপরে মানুষ নৌকা প্রতীকে ভোট দেন। ফলে আওয়ামী লীগ ব্যতিত অন্য সরকারের সময় এলাকাটি উন্নয়ন বঞ্চনার শিকার।

০১. আলফাডাঙ্গা উপজেলার প্রাচীনতম মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান কাঞ্চন একাডেমীর (স্থাপিত: ১৯৩৭) একটি খেলার মাঠ রয়েছে। কিন্তু বৃষ্টির পানিতে মাঠের বিভিন্ন জায়গায় খানাখন্দের সৃষ্টি হয়েছে। মাঠটি সমতলও নয়, এবড়ো-থেবড়ো। যে কারণে শিক্ষার্থীরা সেখানে খেলতে পারে না। মাঠটি সংস্কার করা প্রয়োজন।

০২. স্কুলের পাশেই আছে মসজিদ, পুকুর ও কবরস্থান। মানুষ সেখানে নামাজ পড়ে। আশেপাশের টিউবওয়েলের বেশির ভাগই আর্সেনিক সমস্যায় আক্রান্ত। যে কারণে মুসল্লিদের ওই পুকুরে ওয়ু করতে হয়। আশেপাশের মানুষও সেখানে গোসল ও দৈনন্দিন কাজ করে। দীর্ঘদিন সংস্কার না করায় এটি ব্যবহারের অনুপোযোগী হয়ে পড়ছে। পুকুরটি যদি সংস্কার করা যায় তাহলে মুসল্লিদের পাশাপাশি ওই এলাকার মানুষ দৈনন্দিন কাজে পুকুরের পানি ব্যবহার করতে পারবে। এছাড়া পানের জন্যও বিশুদ্ধ পানি সংগ্রহ করতে পারবে।

০৩. পুকুর লাগোয়া একটি বড় কবরস্থানও রয়েছে। ধীরে ধীরে কবরস্থানের জায়গা কমে এসেছে। কবরস্থানের সীমানা প্রচীর সংস্কার করা প্রয়োজন।

০৪. কামারগ্রাম ঈদগাহ সংস্কার ও সীমানা প্রচীর নির্মাণ প্রয়োজন।

অতএব কামারগ্রাম কাঞ্চন একাডেমীর খেলার মাঠ ও মসজিদ সংলগ্ন পুকুর সংস্কার, কবরস্থান ও ঈদগাহের সীমানা প্রচীর নির্মাণে অর্থ বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ করছি।

২৬৭৭

কর্মিক নং.....	তারিখ ২৭/১/১৬
আয়োজনের কার্যক্রমে প্রেরিত হলো	
সুপার-সচিব (প্রশাসন)	
সুপার-সচিব (উন্নয়ন)	
সুপার-সচিব (আইডি)	
সুপার-সচিব ()	
সুপার-সচিব ()	
সিঃ সচিব ()	
পার্সোনাল অফিসার	
অতিরিক্ত সচিব (সঃ)	
স্থানীয় সরকার বিভাগ	

কার্যক্রম নং ৭৫৪
তারিখ ২৭/১/১৬
স্থানীয় সরকার বিভাগ

ধন্যবাদান্তে

(মোঃ আব্দুর রহমান)

সংসদ সদস্য
ফরিদপুর-১

জেলা পরিচালক অধিশাখা
তারিখ ২৭/১/১৬
স্থানীয় সরকার বিভাগ